

এক নজরে

০১। অফিসের নাম :-

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সোনাইমুড়ী, নোয়াখালী।

২। অফিস পরিচিতি:-

প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় রয়েছে। অফিসটি খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য অদ্বিগুনের অধীনে পরিচালিত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক নিয়ন্ত্রিত।

৩। অফিসের জনবল কাঠামো:-

অফিস প্রধানের পদবী- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তাঁকে সহায়তা করার জন্য রয়েছে খাদ্য পরিদর্শক ০১ (এক) জন, উপ-খাদ্য পরিদর্শক ০১ (এক) জন। অফিস সহ কারী ০১ (এক) জন, এবং ০১ (এক) জন খন্ডকালীন ঝাড়ুদার।

৪। আওতাধীন অফিস :-

উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অধীনে ১০০০ মে:টন ০১ (এক) টি, ১৫.০০০ মে:টন ০১ (এক) টি, এবং ৫০০ মে:টন ০১ (এক) টি (পরিত্যক্ত) মোট ০৩ (তিন) টি স্থানীয় গুদাম রয়েছে। গুদামে ০১ (এক) জন খাদ্য পরিদর্শক তথা ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে নিয়োজিত আছেন। তাকে সহযোগিতা করার জন্য রয়েছে, উপ-খাদ্য পরিদর্শক ০১ (এক) জন। অফিস সহ কারী ০১ (এক) জন, এবং ০৭ (সাত) জন নিরাপত্তা প্রহরী। ০১ (এক) জন পরিচ্ছন্নতা কর্মী। ০১ (এক) জন খন্ডকালীন ঝাড়ুদার। খাদ্য নিরাপত্তা ও আপদকালীন মজুদ করার খাদ্য নিরাপত্তার দায়িত্ব পালন করে যাচ্ছে।

৫। অফিসের কার্যক্রম:-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়ের অধীন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক স্থানীয় চালকল মালিকদের নিকট হইতে চাল এবং কৃষক গণের নিকট হইতে ধান সংগ্রহ করতঃ খাদ্য গুদামে মজুদ করে খাদ্য নিরাপত্তা বিধান। তাছাড়া:-

(ক) সকল উন্নয়ন মূলক কাজের অনুকূলে খাদ্যশস্য বিতরণ। যেমনঃ-

১। কাজের বিনিময় খাদ্য (কাবিখা)।

২। টেস্ট রিলিফ (টি. আর)

৩। ভিজিএফ

৪। ভিজিডি

৫। জি. আর

৬। ফায়ার সার্ভিস ইত্যাদি খাতে ছাড়পত্র পাওয়ার সাথে সাথে ডিও ইস্যুকরণ।

(খ) সরকারী চাকুরীতে কর্মরত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ন্যায্যমূল্যে রেশন প্রদান।

(গ) ও.এম.এস পরিচালনা।

(ঘ) হতদরিদ্রদের জন্য ন্যায্যমূল্য খাদ্যশস্য বিতরণ কর্মসূচীর পরিচালনা করণ।

(ঙ) বিভিন্ন ভোগ্যপণ্যের দৈনিক বাজারদর করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রদান করা। এবং

(চ) এবং পাইকারী/ খুচরা খাদ্যশস্যে ব্যবসায়ীদেরকে ফুডগ্রেইন লাইসেন্স এবং রাইস মিল মালিকদের কে মিলের লাইসেন্স প্রদান

করে সরকারী বিধিবিধানের আওতাভুক্ত করণ তাছাড়া উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা অন্যান্য কর্মকর্তা এবং ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সহিত সম্বনয় রেখে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা। বিভিন্ন নির্বাচনী কাজের

দায়িত্ব পালন করা।